

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
পরিকল্পনা মন্ত্রণালয়  
বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ  
সেন্ট্রাল প্রকিউরমেন্ট টেকনিক্যাল ইউনিট (সিপিটিইউ)  
শের-ই-বাংলা নগর, ঢাকা-১২০৭

Tel: 9144252-3, Fax: 9144250, E-mail: info@cptu.gov.bd; Website: www.cptu.gov.bd

নং- ২১.০০.০০০০.৩৬৫.২৭.৮৮১.১৭-

তারিখঃ ২২/১০/২০১৭ খ্রিঃ

বিষয়ঃ কুষ্টিয়া জেলা পরিষদ চত্বরে ১টি সেমি বেজমেন্ট + ৯ম তলা বিশিষ্ট শপিং মল-কাম অফিস ভবন নির্মাণ প্রকল্প  
বাস্তবায়ন সংক্রান্ত।

সূত্রঃ স্বাসবি/জেপশা/জেপ-৫০/২০১৭/১৯০৫; তারিখঃ ১৮/০৯/২০১৭ খ্রিঃ


উপর্যুক্ত বিষয় ও সূত্রাধীন স্মারকের পরিপ্রেক্ষিতে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, প্রদত্ত তথ্য পর্যালোচনায় দেখা যায় যে প্রস্তাবিত কুষ্টিয়া জেলা পরিষদ চত্বরে ১টি সেমি বেজমেন্ট + ৯ম তলা বিশিষ্ট শপিং মল-কাম অফিস ভবন নির্মাণ কাজটি প্রাক-যোগ্যতা ভিত্তিক উন্মুক্ত দরপত্র পদ্ধতিতে প্রক্রিয়াধীন আছে। এ কাজের জন্য সুপারিশকৃত প্রাক-যোগ্যতা সম্পন্ন দরদাতাদের তালিকা স্থানীয় সরকার বিভাগ কর্তৃক ১১/০৬/২০১৫ তারিখে অনুমোদন দেয়া হয়। ইতোমধ্যে ২(দুই) বছরের বেশি সময় অতিক্রান্ত হয়ে যাওয়ায় প্রাক-যোগ্যতা সম্পন্ন দরদাতাদের যোগ্যতা বহাল থাকার নিশ্চয়তা নেই। উল্লেখ্য যে, প্রাক-যোগ্যতা নির্ধারণ প্রক্রিয়া উন্মুক্ত দরপত্র পদ্ধতির অবিচ্ছেদ্য অংশ; ফলে প্রাক-যোগ্যতার তালিকা অনুমোদন হওয়ার পরে দরদাতাদের দরপত্র অতি দ্রুত দাখিলের আহ্বান জানাতে হয়। এ ক্ষেত্রে দীর্ঘ সময় অতিক্রান্ত হয়েছে বিধায় দরদাতাগণের প্রাক-যোগ্যতার কার্যকারিতা নেই। তাই বর্ণিত ক্রয় কাজটি নতুন করে প্রক্রিয়া করা সমীচীন হবে।

০২। উল্লেখ্য, ই-জিপিতে প্রাক-যোগ্যতা ভিত্তিক উন্মুক্ত দরপত্র প্রক্রিয়া করার সুযোগ এখনও নেই বিধায় এ ক্ষেত্রে ই-জিপিতে প্রাক-যোগ্যতা ব্যতীত উন্মুক্ত দরপত্র পদ্ধতি অনুসরণ করা যেতে পারে।

০৩। প্রসঙ্গক্রমে উল্লেখ করা যায় যে, উন্মুক্ত দরপত্র পদ্ধতিতে প্রাক-যোগ্যতা প্রক্রিয়া অনুসরণ বাধ্যতামূলক নয়; বৃহৎ ও জটিল এবং ৩৫ কোটি টাকার উর্ধ্বমূল্যের ক্রয়ের ক্ষেত্রে ক্রয়কারী কার্যালয় প্রধানের অনুমোদনক্রমে এ প্রক্রিয়া অনুসরণযোগ্য (পিপিআর, ২০০৮ এর বিধি-৯১)।

০৪। বিবেচ্য পত্রে প্রদত্ত তথ্যের ভিত্তিতে এ মতামত প্রদান করা হ'ল।

সচিব  
স্থানীয় সরকার বিভাগ  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

  
তারিখঃ ২২/১০/২০১৭  
(মাসুদ আকতার খান)  
পরিচালক (সংযুক্ত)  
ফোনঃ ৯১৪৪২৫২-৩

(দৃঃ আঃ-জনাব আনজুমান আরা, উপসচিব, জেলা পরিষদ অধিশাখা)

অনুলিপিঃ

১. প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, কুষ্টিয়া।
২. সচিব মহোদয়ের একান্ত সচিব, আইএমই বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়, শের-ই-বাংলা নগর, ঢাকা।
৩. মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, সিপিটিইউ, আইএমই বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়, শের-ই-বাংলা নগর, ঢাকা।
৪. অফিস কপি।